# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) রেল মন্ত্রণালয়ের প্রকৃত যাত্রীদের রিজার্ভেশন ব্যবস্থার সুবিধা সুনিশ্চিত করতে এবং অসাধু ব্যক্তিদের দ্বারা এই সুবিধার অপব্যবহার রোধ করতে একটি নতুন ব্যবস্থার কথা ঘোষণা/

(২) কাছাড় পুলিশের আজ সকালে শিলচরের তারাপুর এলাকা থেকে এগারোজন সন্দেহভাজন রোহিঙ্গা নাগরিককে আটক/

(৩) বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল থেকে সেবা সপ্তাহ পালন/

এবং

(৪) আগামীকাল দেবশিল্পী বিশ্বকর্মার পুজো উপলক্ষে সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও ব্যাপক প্রস্তুতি/

-------------------------------------------------------------------------------------

রেল মন্ত্রণালয় প্রকৃত যাত্রীরা যাতে রিজার্ভেশন ব্যবস্থার সুবিধা লাভ করতে পারে, তা নিশ্চিত করতে এবং অসাধু ব্যক্তিদের এই সুবিধার অপব্যবহার রোধ করতে একটি নতুন ব্যবস্থা ঘোষণা করেছে । আগামী পয়লা অক্টোবর থেকে সংরক্ষিত জেনারেল রিজার্ভেশন খোলার প্রথম পনেরো মিনিটের মধ্যে জেনারেল টিকিট শুধুমাত্র আধার অনুমোদিত ব্যবহারকারীদের দ্বারাই ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটারিং এন্ড ট্যুরিজম কর্পোরেশন (আই আর সি টি সি)'র ওয়েবসাইট বা মোবাইল এ্যাপ্লিকেশনের মাধ্যমে বুক করা যাবে । ভারতীয় রেলওয়ের কম্পিউটারাইজড় পি আর এস কাউন্টারের মাধ্যমে সংরক্ষিত টিকিট বুকিংয়ের সময়সূচীতে কোনো পরিবর্তন হবে না ।

অনুরূপভাবে ভারতীয় রেলওয়ের অনুমোদিত টিকেটিং এজেন্টদের জন্য বর্তমানে থাকা দশমিনিটের বিধিনিষেধ এখনও অব্যাহত থাকবে, যার আওতায় এজেন্টরা সাধারণ রিজার্ভেশন খোলার প্রাথমিক সময়কালে টিকিট বুক করতে পারবেন না । এই ব্যবস্থা বাস্তবায়ন করতে সেন্টার ফর রেলওয়ে ইনফরমেশন সিস্টএম্‌স (সি আর আই এস) এবং আই আর সি টি সি'র প্রয়োজনীয় পদ্ধতি পরিবর্তন করতে এবং সমস্ত কোনাল রেলওয়েকে অবহিত করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

অটোমোবাইল বাজারের ক্ষেত্রে ভারত জাপানকে পেছনে ফেলে বিশ্বর তৃতীয় শ্রেষ্ঠ দেশ হিসেবে পরিগণিত হয়েছে এবং আগামী ৫ বছরে অটোমোবাইল বাজারের ক্ষেত্রে দেশ শীর্ষ স্থান দখল করার পথে অগ্রসর হচ্ছে বলে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রী নিতিন গাড়কারী জানান । গতকাল নতুনদিল্লীতে আন্তর্জাতিক মূল্য সম্মেলন ২০২৫এর উদ্বোধন করে তিনি একথা বলেন ।শ্রী গাড়কারী বলেন যে ভারতে বিশ্বের দ্বিতীয় বৃহৎ সড়ক যোগাযোগ ব্যবস্থা রয়েছে । সবুজ গতিশীলতা এবং পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে ভারত উল্লেখযোগ্য স্থান লাভ করবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আজ পুনরায় সন্দেহভাজন রোহিঙ্গা নাগরিক ধরা পড়েছে । কাছাড় পুলিশ আজ সকালে শিলচরের তারাপুর কালীবাড়ী রোড এলাকা থেকে এগারোজন সন্দেহভাজন রোহিঙ্গা নাগরিককে আটক করেছে । এদের মধ্যে মহিলা এবং শিশুও রয়েছেন । পুলিশ সূত্রে জানা গেছে যে- এই দলটি হায়দ্রাবাদ থেকে এসে শিলচরে ভাড়া ঘরের সন্ধান করছিল । তাদের সন্দেহজনক আচরণ দেখে স্থানীয় জনসাধারণ পুলিশকে খবর দেয়। এর পরিপ্রেক্ষিতে পুলিশের এক অভিযানে ওই সন্দেহভাজন রোহিঙ্গা নাগরিকদের আটক করতে সমর্থ হয় । গ্রেপ্তার হওয়া রোহিঙ্গাদের আদালতের নির্দেশে আজ পুলিশের হেফাজতে পাঠানো হয়েছে । এদিকে এই ঘটনার তদন্ত অব্যাহত রয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল থেকে সেবা-হি-সর্মপন : সেবা সপ্তাহ পালন করা হবে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে আসাম সরকারের উদ্যোগে রাজ্যজুড়ে  সেবা-হি-সর্মপন সেবা সপ্তাহ পালনের ঘোষনা করা হয়েছে । কাছাড় জেলায় আগামীকাল দশটি স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে ।

আগামী ১৮ই সেপ্টেম্বর ধলাই-র বি এন এম পি হাইস্কুলে স্বাস্থ্য শিবির সহ ১৮ বছর বয়স পর্যন্ত শিশু-কিশোরদের ৫৯টি রোগের বিনামূল্যে পরীক্ষা ও চিকিৎসা পরিষেবা প্রদান করা হবে । ১৯শে সেপ্টেম্বর জেলার এক হাজারটি শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কার্য্যসূচী , ২০ সেপ্টেম্বর নবীন সাহিত্যিকদের বিশেষভাবে আয়োজিত হবে যুব লেখক সম্মান প্রকল্প , ২২শে সেপ্টেম্বর যক্ষা রোগীদের নিক্ষয় মিত্র প্রকল্পের মাধ্যমে পুষ্টি সহায়তা প্রদান এবং ২৫শে সেপ্টেম্বর জেলাজুড়ে এক হাজার পাঁচশ ৭৫টি ভোট কেন্দ্রে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্য্যায় শুরু হবে । পাশাপাশি ১৭ই সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত জেলায় সুস্থ নারী-সশক্ত পরিবার অভিযান পালন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল থেকে আগামী ২৫শে সেপ্টেম্বর পর্যন্ত সমগ্র জেলায় জনসাধারণ কেন্দ্রীক বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে সেবা সপ্তাহ পালন করা হবে । এই উপলক্ষে আগামীকাল সকাল সাড়ে ১১টায় হাইলাকান্দি এস এস কলেজে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । আগামী ১৯শে সেপ্টেম্বর জেলার এক হাজার তিনশ ৮৭টি শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কার্যসূচী গ্রহন করা হয়েছে । ২২শে সেপ্টেম্বর এস এস কলেজে যক্ষা রোগীদের নিক্ষয় মিত্র নামক সাহায্য কর্মসূচী এবং কাটলিছড়ার এস কে রায় কলেজে শিশুদের মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে । এরপর ২৩শে সেপ্টেম্বর এস এস কলেজে এবং বোয়ালিপারের শশীভূষন ইনষ্টিটিউট অব এডুকেশনে ধর্মীয় প্রতিষ্ঠানগুলির জন্য জমির পাট্টা বিতরন এবং ২৫শে সেপ্টেম্বর অরুণোদয়ের তৃতীয় পর্যায়ের কার্যসূচী জেলার ৬০২টি ভোট কেন্দ্রে অনুষ্ঠিত হবে । এই অনুষ্ঠানগুলিতে জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , সাংসদ কৃপানাথ মালা সহ তিন বিধায়ক জাকির হোসেন লস্কর , সুজাম উদ্দিন লস্কর এবং নিজাম উদ্দিন চৌধুরী প্রমূখ সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে শ্রীভূমি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আগামীকাল সেবা সপ্তাহ উদযাপনের অঙ্গ হিসেবে সকাল ১১টা থেকে দুটি স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । শ্রীভূমি শহরের রবীন্দ্র সদন গালর্স কলেজ ও পাথারকান্দির মডেল উচ্চতর মাধ্যমিক

বিদ্যালয়ে স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হবে । এই কর্মসূচীতে অংশ গ্রহনের জন্য জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে আমন্ত্রণ জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র বিশ্বের সঙ্গে দেশের বিভিন্ন প্রান্তে আজ বিশ্ব ওজন দিবস পালন করা হয়েছে ।পৃথিবীর সুরক্ষার ক্ষেত্রে থাকা বায়ুমন্ডলের ওজন স্তরের গুরুত্বপূর্ণ ভূমিকার প্রতি সচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে এই দিবস উদযাপন করা হয় । এ বছর এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে ‘ বিজ্ঞান থেকে বিশ্বব্যাপী. কর্মকান্ডে ’ ।উল্লেখ্য ওজন স্তর সূর্যের অতি বেগুনী রশ্মিকে বাধা দেওয়া সহ চামড়ার ক্যান্সার , চোখের ছানি ইত্যাদি প্রতিরোধ করা সহ সামগ্রিকভাবে পরিবেশতন্ত্রকে সুরক্ষা প্রদান করে ।

---------------------------------------------------------------------------------------

আগামীকাল দেবশিল্পী বিশ্বকর্মার পুজো উপলক্ষে সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও ব্যাপক প্রস্তুতি নেওয়া হচ্ছে । প্রতিমা শিল্পীরা কারিগরী বিদ্যার অধিষ্ঠাতা শ্রী শ্রী বিশ্বকর্মার মূর্তিতে শেষ তুলির টান দিচ্ছেন । বহুস্থানে প্রতিমা মণ্ডপে নিয়ে যাওয়াও শুরু হয়ে গেছে । এই পুজোর সঙ্গে সঙ্গে রাজ্যে শারদীয় দুর্গোৎসবের পরিবেশের সূচনা হয়ে যাচ্ছে । বরাক উপত্যকার তিন জেলার ছোট বড় কল-কারখানা, কারিগরী প্রতিষ্ঠান, প্রিন্টিং প্রেস, কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান, যন্ত্রনির্ভর প্রতিষ্ঠান ইত্যাদিতে পুজোর আয়োজন করা হয়েছে । এই উপলক্ষে বিভিন্ন স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে । শিলচর শহরে বিভিন্ন সরকারি, বেসরকারি কার্যালয়, শিলচর পুর নিগম, জলসম্পদ বিভাগ, সংবাদ মাধ্যমের কার্যালয়, মোটর পরিবহণ সংস্থা, আকাশবাণী শিলচর কেন্দ্র, শিলচর দূরদর্শন কেন্দ্র ইত্যাদিতে এই পুজো উপলক্ষে প্রস্তুতি নেওয়া হয়েছে ।

শ্রীভূমি জেলায়ও দেবশিল্পী বিশ্বকর্মার পুজো উপলক্ষে প্রস্তুতি জোরকদমে চলছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও বিশ্বকর্মা পুজোর প্রস্তুতি অব্যাহত রয়েছে । জেলার বিভিন্ন কল-কারখানা, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, এবং কার্যালয় সহ ঘরোয়াভাবেও আগামীকাল যথাযোগ্য মর্য্যাদায় দেবশিল্পী বিশ্বকর্মার পুজো অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

বিগত কিছুদিন ধরে চলা বৃষ্টিপাতের ফলে বরাক নদী সহ তার উপনদীগুলির জল স্থানে স্থানে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে । কাছাড় জেলার তিনটি রাজস্ব চক্র- শিলচর, লক্ষ্মীপুর ও সোনাই এলাকার জেলার ৮২টি গ্রাম এই বন্যায় জলমগ্ন হয়েছে । এপর্যন্ত ঐ এলাকার ২২৫ জন বন্যাক্রান্ত হয়েছেন । কাছাড় জেলার সোনাই

এবং শিলচরে একটি করে আশ্রয় শিবির খোলা হয়েছে । এই দুটি শিবিরে ১২৭ জন শরণার্থী আশ্রয় নিয়েছেন ।

এদিকে আজ সন্ধ্যা সাতটায় বরাক নদীর জল স্থানীয় অন্নপূর্ণাঘাটে বিপদসূচক চিহ্নের ৫৪ সেন্টিমিটার উপর দিয়ে প্রবাহিত হয়েছে । বর্তমানে নদীর জলসীমা হচ্ছে- ২০ দশমিক ৩-৭ মিটার। এখানে নদীর বিপদসূচক চিহ্ন হচ্ছে- ১৯ দশমিক ৮-৩ মিটার । তবে আজ সন্ধ্যা ছ'টা থেকে জল স্থিতাবস্থায় রয়েছে । রাজ্যের জলসম্পদ বিভাগ থেকে এই তথ্য জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

মণিপুরে গত কয়েকদিনের অবিরাম বৃষ্টিপাতের ফলে কয়েকটি জেলায় হড়কা বানের সৃষ্টি হয়েছে ।জাতীয় সড়কের স্থানে স্থানে ধ্বস পড়ার ফলে বানিজ্যিক যানবাহন চলাচল ব্যহত হচ্ছে । এদিকে বন্যার ফলে আজ রাজ্যটির সব স্কুল কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে । ইম্ফাল এবং থাউবাল জেলার সবকটি নদীর জন্য বিপদসীমার ওপরে প্রবাহিত হচ্ছে । জেলা প্রশাসনগুলি সবধরণের ত্রাণ ও উদ্ধার অভিযান অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------------------------

শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য আজ ধলাইয়ে কৃষি বিভাগের জ্ঞানার্জন কেন্দ্র ও প্রশিক্ষণ কক্ষের শিলান্যাস করেন ।অনুষ্ঠানে তাঁর ভাষণে শ্রী শুক্লবৈদ্য কৃষিক্ষেত্রের সঙ্গে জড়িত বিভিন্ন সরকারী প্রকল্প কৃষক সম্মান নিধি যোজনা, কৃষক সিচাই যোজনা ইত্যাদির ফলপ্রসু রূপায়ন সম্পর্কে সরকারের প্রয়াসের বিষয় তুলে ধরেন । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ধলাইর বিধায়ক নিহার রঞ্জন দাস , ধলাই সম - জেলা আয়ুক্ত রক্তিম বরুয়া , জেলা কৃষি আধিকারীক ডঃ এ আর আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

বায়ুসেনা আয়োজিত ৬৪তম আর্ন্তজাতিক স্কুল ফুটবল প্রতিযোগিতা সিরিজ- সুব্রত কাপের অন্তিম প্রতিযোগিতা আজ থেকে নতুনদিল্লিতে আরম্ভ হয়েছে । অনুর্দ্ধ ১৭- ছেলেদের এই শেষ প্রতিযোগিতায় আজ আসামের গোলাঘাটের নুমুলীগড় হাইস্কুল, গ্রুপের প্রথম খেলায় আর্মি বয়েজ স্কুলের সঙ্গে ২-২ গোলে ড্র করে পয়েন্ট ভাগ করে নেয় । প্রতিযোগিতার পরবর্তী খেলায় আগামীকাল আসাম আন্দামান নিকোবরের মুখোমুখি হবে।

---------------------------------------------------------------------------------------------